দৈনিক সংবাদ

তারিখ 12 MAY 1990
পৃষ্ঠা ৮ কলাম ৫

৩২

৯/

# সবার জন্য শিক্ষা কর্মসূচী বাস্তবায়নে জাতীয় ঐকমত্য প্রয়োজন

## —কাজী জাফর

প্রধানমন্ত্রী কাজী জাফর আহমদ বলেছেন, ২০০০ সালের মধ্যে সবার জন্য শিক্ষার সরকারী পরিকল্পনা বাস্তবায়নের জন্য সর্বাধিক গুরুত্বপূর্ণ হচ্ছে জাতীয় ঐকমত্য। তিনি বলেন, এজন্য আমাদের অনেক কিছু করার রয়েছে।

বাসস জানায়, শিক্ষা মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত কাজী জাফর আহমদ গতকাল জাতীয় শিক্ষা প্রশাসন, সম্প্রসারণ ও গবেষণা ইন্সটিটিউটে শিক্ষা পরিকল্পনা ও উন্নয়ন গবেষণা ফাউণ্ডেশন (এফআরইপিডি)-এর যোড়শ বার্ষিক সম্মেলনে প্রধান অতিথির বক্তৃতায় একথা বলেন। জাতীয় অধ্যাপক ও এফআরইপিডি'র সভাপতি এম শামসুল হক অনুষ্ঠানে সভাপতিত্ব করেন। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন শিক্ষা সচিব আ,ন,ম ইউসুফ ও ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক মনিরুজ্জামান মিয়া। অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে বক্তৃতা করেন এফআরইপিডি'র গবেষণা বোর্ডের চেয়ারম্যান অধ্যাপক এম ফেরদৌস খান ও সদস্য সচিব ডঃ মোহাম্মদ নূরুল হক।

প্রধানমন্ত্রী আবারো বলেন, পরিকল্পনা বাস্তবায়নে রাষ্ট্রপতি এরশাদের সরকার অঙ্গীকারাবদ্ধ। এ প্রসঙ্গে তিনি পঞ্চম শ্রেণী পর্যন্ত প্রাথমিক শিক্ষা বাধ্যতামূলক এবং পৌর এলাকার বাইরে অষ্টম শ্রেণী পর্যন্ত মেয়েদের জন্যও অবৈতনিক শিক্ষাসহ বিভিন্ন সরকারী পদক্ষেপের কথা উল্লেখ করেন। তিনি বলেন, শিক্ষা খাতে গুণগত ও মৌলিক পরিবর্তনের লক্ষ্যে একটি পরিকল্পিত কৌশল গ্রহণ করতে হবে। তিনি বলেন, এফআরইপিডি এক্ষেত্রে অনেক অবদান রাখতে পারে।

প্রধানমন্ত্রী বলেন, শিক্ষাক্ষেত্রে মৌলিক পরিবর্তন ছাড়া বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা কর্মসূচীর সফল বাস্তবায়ন সম্ভব নয়।